

সভা নং-১৫

সভাপতি : মোঃ শফিউল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৩/০৪/২০২২খ্রিঃ । সময়ঃ-দুপুর ১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা,মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	মোঃ দুলাল হোসেন,চেয়ারম্যান,কাকড়াজান,ইউ,পি	স্বাক্ষরিত
০৩।	এডঃ আনোয়ার হোসেন,চেয়ারম্যান,গজারিয়া ইউ,পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,(সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

- (ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা ।
- (খ) যুব ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায় ।
- (গ) নতুন প্রকল্প গ্রহণ ।
- (ঘ) বিবিধ আলোচনা ।

অদ্য ১৩/০৪/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে শুনান,কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

১। যুব প্রশিক্ষণ সংক্রান্ত :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪ টি ব্যাচে মোট ৪২০ জন বেকার যুব/যুব মহিলাদের কে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা দেয়া হয়েছে । এ মর্মে ব্যাচগুলো তৈরী করা হচ্ছে ।

সিদ্ধান্তঃ-সরকারের নীতিমালা ও নির্দেশনার আলোকে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য স্থানীয় চাহিদার ভিত্তিতে গুরুত্ব বুঝে প্রশিক্ষণ প্রদানের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

যুব ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে (২০২২-২০২৩) অর্থ বছরে ApA অনুযায়ী মোট ৩৩,৮০,০০০/=(তেরত্রিশ লক্ষ আশি হাজার) টাকা যুব ঋণ প্রদানের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। আমরা এ পর্যন্ত ২২,৬০,০০০ টাকা বিতরণ করেছি। বাকি টাকা সামনের মাসে বিতরণের চেষ্টা অব্যাহত রাখা হবে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, অত্র কার্যালয়ে প্রায় ১১,০০,০০০/= টাকা খেলাপী ঋণ রয়েছে। যা আদায় করা সম্ভব হচ্ছে না।

সিদ্ধান্ত :- প্রধান কার্যালয়ের দেয়া লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঋণ বিতরণ এবং প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ ছাড়া ও খেলাপী ঋণ আদায়ে প্রশাসনের সহযোগিতা গ্রহন করে নোটিশ/তাগাদা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নতুন প্রকল্প গ্রহন:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার ও জাইকার যৌথ উদ্যোগে/অর্থায়নে উন্নয়নমূলক কার্যক্রম চালু করায় আমাদেরকে পত্র দিয়েছিল। আমাদের অফিস জেলা পরিষদের আওতায় হওয়ায় কোন সুযোগ সুবিধা অদ্যাবদি পর্যন্ত পাইনি। আমাদের অফিস ভবনে দীর্ঘদিন ধরে পানি সাপ্লাইয়ের ব্যবস্থা না থাকায় আমরা মানবতের জীবনযাপন করছি। মানুষ সেবা নিতে এলে বিরম্বনায় পড়তে হয় যা বর্তমান ডিজিটাল যুগে কাম্য নয়।

সিদ্ধান্ত:- আলোচনা ও পর্যালোচনায় এহেন অবস্থায় বাংলাদেশ সরকার/জাইকার/ উপজেলা পরিষদের কোন কার্য থেকে আপাতত ২টি টয়লেট নির্মান এবং পানির পাম্প ও যাবতীয় আনুষাংগিক কার্যক্রম পরিচালনার জন্য অর্থ বরাদ্দ রাখার সুপারিশ ও অনুরোধ রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দাপ্তরিক কার্যক্রম এবং নতুন প্রকল্প গ্রহনের উদ্যোগ গ্রহনের জন্য সন্মানিত সদস্যবৃন্দ এবং সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সন্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি
যুব ও স্পোর্টস উন্নয়ন স্থায়ী কমিটি


ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২ -
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ ১৩/০৪/২০২২খ্রীঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।


(মোঃ শাহ আলম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সখিপুর, টাঙ্গাইল।